

বিশেষ অনুশীলন
শ্রেণি: পঞ্চম
বিষয়: প্রাথমিক গণিত

সময়: ১ ঘণ্টা ১৫ মিনিট

পূর্ণমান-৫০

১। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও:

১×১০=১০

১) গড় নির্ণয়ের সূত্রটি লেখ।

২) ৯০, ১০০, ১৪০ এর গড় কত?

৩) ৪.১০৫ এবং ১০০ এর গুণফল কত?

৪) ১ কে ৮ দিয়ে ভাগ করলে ভাগফল কত হবে?

৫) $\frac{৩}{১০} \times \frac{৫}{৭}$ এর মান কত?

৬) মিশ্র ভগ্নাংশ কি?

৭) প্রতীক ব্যবহার করে প্রকৃত ভগ্নাংশের লব ও হরের মধ্যকার সম্পর্ককে প্রকাশ কর।

৮) $০.০৭২ \div ৯ =$ কত?

৯) $৪২ \div ১০০ =$ কত?

১০) ৫.০১ কতটি ০.০১ দ্বারা গঠিত?

২। $৩\frac{৩}{৪}$ মিটার এবং $২\frac{১}{৬}$ দৈর্ঘ্যের দুইটি ফিতা রয়েছে।

ক) ভগ্নাংশ দুইটিকে অপ্রকৃত ভগ্নাংশরূপে প্রকাশ কর।

২

খ) কোন ফিতা বেশি লম্বা তা নির্ণয় কর।

৩

গ) ফিতা দুইটি জোড়া দিলে মোট দৈর্ঘ্য কত হবে?

৩

৩। একজন শিক্ষক ৭৫ জন শিক্ষার্থীর প্রত্যেককে ০.২৪ মিটার করে ফিতা দিলেন।

ক) কতটি ০.০১ দ্বারা ০.২৪ গঠিত?

২

খ) ০.২৪ কে সাধারণ ভগ্নাংশে প্রকাশ কর।

৩

গ) সর্বমোট কত মিটার ফিতা ছিল তা নির্ণয় কর।

৩

৪। নিচের ছকে "ক" এবং "খ" দলের গণিতে প্রাপ্ত নম্বর দেওয়া হলো-

"ক"দল	৫৯	৬৭	৯২	৮০	৮৫
"খ"দল	৮২	৭৮	৬৫	×	×

ক) "ক" দলের গণিতে প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় কর।

৩

খ) "খ" দলের গণিতে প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় কর।

৩

গ) কোন দল বেশি ভালো করেছে?

২

৫। আহমেদের কাছে ৪ কেজি তেল আছে। ১ লিটার তেলের ওজন $\frac{৬}{৭}$ কেজি। ১ লিটার তেলের মূল্য ১০৫ টাকা।

ক) তাঁর কাছে মোট কত লিটার তেল আছে?

৪

খ) তাঁর কাছে মোট কত টাকার তেল আছে?

৪

৬। ৩ টি প্যাকেটের প্রতিটিতে ০.৫ লিটার করে দুধ আছে।

ক) ৩ টি প্যাকেটে মোট কত লিটার দুধ আছে?

২

খ) এরূপ প্যাকেটের সংখ্যা আরো ৩ টি বেশি হলে মোট দুধের পরিমাণ কত হবে? ৩

গ) প্রতিটি প্যাকেটে যদি ০.৭৫ লিটার করে দুধ থাকত, তবে ৩ টি প্যাকেটে মোট কত লিটার দুধ হত?

৩